মেহেরপুরের বুড়িপোতা ইউনিয়নে ৩নং ওয়ার্ড বিএনপি’র কার্যালয়ে হামলা-ভাঙচুর

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপি’র কার্যালয়ে দুর্বৃত্তদের হামলা ও ভাঙচুরের অভিযোগ উঠেছে। গতকাল বৃহস্পতিবার রাত নয়টার সময় এ ঘটনা ঘটে।

স্থানীয় বিএনপি নেতা ও ৩নং ওয়ার্ড সহ-সভাপতি শামসুল আলম লায়লা জানান, রাতে আওয়ামী লীগ নেতাকর্মীরা লাঠি-সোটা ও রড নিয়ে অতর্কিতভাবে অফিসে হামলা চালায় এবং কার্যালয়ের আসবাবপত্র, ব্যানার ও মোটরসাইকেল ভাঙচুর করে। এ সময় বিএনপি নেতা শরিফুল ইসলাম ও হায়াতকে মারধর করে গুরুতর আহত করা হয়। তিনি আরও বলেন, “হামলাকারীরা এখনও হুমকি দিচ্ছে, আমরা আতঙ্কে আছি।

অভিযোগে বলা হয়েছে, মোহানের ছেলে সোহেল, জহুরের ছেলে সাদ্দাম, আসুবের ছেলে রাজিব ও সবুজ, কাসেমের ছেলে বাঁধন, রাজ্জাকের ছেলে সম্রাট, সামাদুলের ছেলে আরিফুল এবং ইকলাসসহ আরও কয়েকজন এই হামলায় জড়িত ছিলেন।

ঘটনার পর থেকে এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

মেহেরপুরের পিরোজপুরে গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষ্যে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নে ওয়ার্ড ভিত্তিক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। পিরোজপুর ইউনিয়ন পরিষদের আয়োজনে গতকাল বৃহস্পতিবার বিকেল ৫টায় যাদুখালি স্কুল এন্ড কলেজ মাঠে এই খেলার উদ্বোধন করা

হয়।

পিরোজপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইকবাল এনামুল কবির এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম। উদ্বোধনী খেলায় অংশগ্রহণ করেন ৩নং ওয়ার্ড (পিরোজপুর) ও ৬নং ওয়ার্ড (কাঁঠালপোতা)। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, যুব সমাজকে মাদকের কবল থেকে রক্ষা করার জন্য এই ধরণের উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসনীয়।

তিনি অনলাইন ক্যাসিনো, মাদক এবং বাল্যবিবাহ থেকে দূরে থাকার জন্য যুবসমাজকে আহ্বান জানান। এসময় আরও উপস্থিত ছিলেন, ইউপি সচিব এরশাদ আলী, ৭নং ওয়ার্ড ইউপি সদস্য ইস্কান্দার মাহমুদ বিপ্লব, ইউপি সদস্য আসাদুল ইসলাম, রহিদুল ইসলাম, আমিরুল ইসলাম। খেলাটি পরিচালনা করেন, মনিরুজ্জামান রিপন। খেলায় মোট ৮টি দল অংশগ্রহণ করে। উদ্বোধনী খেলায় ১-০ গোলে ৬নং ওয়ার্ড (কাঁঠালপোতা) জয়লাভ করে।

মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ আবদুল্লাহ আল আমিনের মায়ের ইন্তেকাল

মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ আবদুল্লাহ আল আমিন ধুমকেতুর মা জাহানার বেগম ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ বৃহস্পতিবার রাত সাড়ে ৯টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:ম্বাস ত্যাগ করেন। তিনি গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের প্রয়াত শিক্ষক আকবর আলীর স্ত্রী। মৃত্যুকালে মরহুমার বয়স হয়েছিলো ৭৪ বছর। তিনি চার ছেলে, নাতি-নাতনিসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted], [redacted]

[redacted]

[redacted] ([redacted]) [redacted], [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আজ বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ আদেশ দেন।

আদালত সূত্রে জানা যায়, ২০২৪ সালের ২৪ ফেব্রুয়ারি রাতে গোপন সংবাদের ভিত্তিতে এসআই মেজবাহুর দারাইন সঙ্গীয় ফোর্স নিয়ে সদর উপজেলার গোভিপুর থেকে হরিরামপুর এলাকায় অভিযান চালান। এ সময় আসামি মোঃ জনিরুল ইসলাম ওরফে জনি ও মোঃ শাহাবুদ্দিন শেখকে গোভিপুর-হরিরামপুর সড়কের কালভার্টের কাছ থেকে আটক করা হয়। পরে উপস্থিত সাক্ষীদের সামনে ১নং আসামি জনির জিন্সের ডান পকেট থেকে ৩ গ্রাম এবং ২নং আসামি শাহাবুদ্দিনের লুঙ্গির ডান পাশের কোচর থেকে ২ গ্রাম মোট ৫ গ্রাম হেরোইন তারা নিজেরাই বের করে দেয়।

মামলার তদন্তকারী কর্মকর্তারা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। নথি ও সাক্ষ্য পর্যালোচনা শেষে আদালত এ রায় দেন।
রায় ঘোষণার পর আসামিদের কারাগারে পাঠানো হয়েছে।

মেহেরপুরে সংঘর্ষের মামলায় ৮ আসামির জেল-জরিমানা

সংঘর্ষের মামলায় মেহেরপুরের ৮ আসামিরকে জেলা-জরিমানা দেওয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ আদেশ দেন।

মামলার প্রধান আসামি মোঃ সেন্টু মিয়াকে ২ বছরের কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ২০ দিনের কারাদণ্ড দেওয়া হয়েছে।

মামলার অন্য আসামি শুকুর আলী, রইস উদ্দিন, মোঃ বাবলু মিয়া, মোঃ শফিকুল ইসলাম, মোঃ আতিয়ার রহমান, মোঃ মজিবর রহমান ও মোঃ তোজাম্মেল হক প্রত্যেককে ১ বছরের কারাদণ্ড ও ১ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ১০ দিনের কারাদণ্ড প্রদান করা হয়েছে। তবে

আসামি মোঃ আনারুল ইসলামকে খালাস দেওয়া হয়।

মামলার বিবরণে জানা যায়, ২০১৯ সালের ২০ এপ্রিল সকালে গাংনীর কল্যাণপুর এলাকায় জমি সংক্রান্ত বিরোধের জেরে বাদীর বাড়িতে আসামিরা হামলা চালায়। এ সময় কাঠের বাটাম, লোহার রড, বাঁশের লাঠি, দা ও হাসুয়া দিয়ে একাধিক ব্যক্তিকে আঘাত করে গুরুতর জখম করে।

পরে মামলার তদন্তকারী কর্মকর্তা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। মামলার নথি ও সাক্ষীদের সাক্ষ্য পর্যালোচনা করে তাদের বিরুদ্ধে উপরোক্ত রায় দেন। রায় ঘোষনার পরে আসামীকে জেল হাজতে পাঠানো হয়েছে।

গাংনীতে সাজা প্রাপ্ত আসামীসহ গ্রেফতার ২

মেহেরপুরের গাংনীতে পুলিশের ২৪ ঘণ্টার বিশেষ অভিযানে ২ জন আসামিকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল বুধবার রাত থেকে আজ বৃহস্পতিবার ভোর পর্যন্ত গাংনী থানা পুলিশ এ অভিযান পরিচালনা তাদের গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন, গাংনী উপজেলার মাইলমারী গ্রামের মৃতঃ শহিদুল ইসলামের ছেলে মোঃ শাহরিয়ার রেজা প্রিন্স(২৮), আলিনগর গ্রামের সুলতানের ছেলে মোঃ আবুল কালাম আজাদ(৩৮)।

গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধীদের গ্রেফতার করতে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে পূবালী ব্যাংকের বৃক্ষরোপণ কর্মসূচী

শিক্ষা প্রতিষ্ঠানে পরিবেশ সচেতনতা ও সবুজায়নের উদ্দেশ্যে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে পূবালী ব্যাংক পিএলসি, মেহেরপুর শাখার উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে কর্মসূচির উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ সিদ্দিকুর রহমান।

এছাড়াও এসময় পূবালী ব্যাংক পিএলসি, মেহেরপুর শাখার ব্যবস্থাপক মোঃ মনছুর আলীসহ ব্যাংকের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, পাশাপাশি বিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তা- কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুর সরকারি মহিলা কলেজে নবীন বরণ ও বিদায় সংবর্ধনা

মেহেরপুর সরকারি মহিলা কলেজের বাংলা বিভাগের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

জাতীয় সংগীত পরিবেশনার মধ্য দিয়ে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের প্রধান কাজী আশরাফুল আলম।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে রাখেন কলেজের অধ্যক্ষ প্রফেসর আব্দুল ওয়াদুদ।
বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ

আল আমিন, শিক্ষক পরিষদের সম্পাদক আবদুল হামিদ, মিরাজ উদ্দিন প্রমুখ।

সংবর্ধনা অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তোলে মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনা। বেতার ও টেলিভিশন শিল্পী আশরাফ মাহমুদ ও মতিউর রহমান রবীন্দ্রসংগীত পরিবেশন করেন।
এছাড়া সংগীত পরিবেশন করেন এইচ এম রাকিব, এন্ড্রিয়া সরকার, পৌলোমী কুণ্ডু, ঐতিহ্য শাখারী পৃথা, অনিন্দিতা সরকার, তানজিম তাহসিন হক মোহনা, মানসী হক বাঁধন ও অনিক হাসান প্রমুখ।

তিন মাসের মধ্যে মেহেরপুরে সাক্ষরতার হার শতভাগ নিশ্চিত করা হবে

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের সঙ্গে জেলার কর্মরত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

প্রশাসনের উদ্যোগে আয়োজিত সভা গতকাল বুধবার দুপুর সাড়ে ৩টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম।

সভাপতির বক্তব্যে তিনি বলেন, মেহেরপুর যেমন আপনাদের, তেমন আমারও। শিক্ষা, চিকিৎসা, কৃষি এবং অনলাইন জুয়ার বিরুদ্ধে দ্রুত পদক্ষেপ নেওয়া হবে।

সাংবাদিকরা অনলাইন জুয়া, কৃষিক্ষেত্রে দুর্নীতি, শহরের ভেতর ট্রাক চলাচল, বাল্যবিবাহ, তথ্য প্রাপ্তিতে অসুবিধা, সরকারি হাসপাতাল ও সিভিল সার্জন অফিসের দুর্নীতি, ক্লিনিক ও ল্যাবের স্বেচ্ছাচারিতা, সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মানের অবনতি এবং সার নিয়ে অনিয়মের বিষয়ে জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেন।

তিনি আরো বলেন, তিনি বলেন, আমি জানি না কতদিন এখানে থাকব,

কিন্তু আমি চাই মেহেরপুরের উন্নয়নে সবাই মিলে একসাথে কাজ করতে।

জেলা প্রশাসক জানান, শিক্ষার হার বাড়াতে আগামী তিন থেকে ছয় মাসের মধ্যে মেহেরপুরের শতভাগ মানুষকে অন্তত স্বাক্ষরজ্ঞান সম্পন্ন করার লক্ষ্য নেওয়া হয়েছে। সরকারি হাসপাতালের অনিয়ম রোধে পদক্ষেপ নেওয়া হবে, শহরে দিনের বেলায় ট্রাক চলাচল নিয়ন্ত্রণ করা হবে, কৃষিক্ষেত্রে সার অতিরিক্ত দামে বিক্রি বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে এবং ডিসি ইকোপার্ক, শিল্পকলা একাডেমি ও ক্রীড়া সংস্থার উন্নয়নে কার্যক্রম শুরু হবে।

সভায় আরো বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক মো. তরিকুল ইসলাম, তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, বাংলাভিশনের স্টাফ রিপোর্টার তুহিন অরন্য, কালের কণ্ঠের জেলা প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিক, সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম, বাংলাদেশ প্রতিদিন প্রতিনিধি মাহবুবুল হক পোলেন, দৈনিক কাল বেলার জেলা প্রতিনিধি রাফি, চ্যানেল ২৪ এর জেলা প্রতিনিধি রাশেদুজ্জামান, সময় টিভির জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত, এখন টিভির জেলা প্রতিনিধি মুজাহিদ, বাসস জেলা প্রতিনিধি দিলরুবা প্রমুখ।

সভায় জেলার বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।